স্বাগতম

মোঃ সাগর শিকদার

জুনিয়র ইন্সট্রাক্টর (নন-টেক)

ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট

# বিষয় ঃ বিজনেস কমিউনিকেশন (25831)

- <u>অধ্যায় (1)ঃ ব্যবসায় যোগাযোগ</u>
- <u>ব্যবসায়ের সংজ্ঞা ঃ</u>
- ব্যবসায়ের ইংরেজি শব্দ হচ্ছে “Business” যার আভিধানিক অর্থ হলো ‘কোনো কাজে ব্যস্ত থাকা’ (Being busy in any work) সাধারণ অর্থে ব্যবসায় বলতে মুনাফা অর্জনের উদ্দেশ্যে পণ্যদ্রব্যের ক্রয়-বিক্রয় সংক্রান্ত কার্যাবলীকে বুঝায়।
- বি.ও হুইলার (B.O. Wheeler) এর মতে, “লাভের অনুপ্রেরণায় সমাজে পণ্যসামগ্রী ও সেবা কর্ম প্রদানের উদ্দেশ্যে যে প্রতিষ্ঠান সংগঠিত ও পরিচালিত হয় তাই ব্যবসায়।”
- (Business is an institution organized and operated to provide goods and services to the society under the incentive or private gain.)

## ব্যবসায়িক যোগাযোগের সংজ্ঞা ঃ

প্রতিষ্ঠানের অভ্যন্তরের বা বাইরের যেকোনো পক্ষের সাথেই চিন্তা-ভাবনা, মতামত, তথ্য ও ভাবের আদান-প্রদান হোক না কেন এর বিষয়বস্তু ব্যবসায় বানিজ্য সংক্রান্ত হলেই তাকে ব্যবসায়িক যোগাযোগ বলে।

অধ্যাপক ডব্লিউ এইচ মেনিং (Prof. W.H. Meanning) এর মতে, ব্যবসায়ের সাথে সশ্লিষ্ট পক্ষসমূহের মধ্যে এতদ-সম্পর্কিত ধারণা, সংবাদ ও মতামত বিনিময়কে ব্যবসায় যোগাযোগ বলে


অধ্যাপক ব্রেনান (Prof. Brennan) এর মতে, বাণিজ্য ও শিল্প ক্ষেত্রে তথ্য বা ভাবের আদান-প্রদানকে ব্যবসায় যোগাযোগ বলে।

# ব্যবসায়িক যোগাযোগের উদ্দেশ্যাবলী

- ব্যবসায়িক প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের নিমিত্ত ব্যবসায়িক যোগাযোগের উদ্দেশ্যাবলীকে তিনটি ভাগে ভাগ করা যায়-

1. প্রাতিষ্ঠানিক কার্য সম্পাদন সংক্রান্ত উদ্দেশ্য
2. ব্যবস্থাপনা প্রশাসনিক কার্য সম্পাদন সংক্রান্ত উদ্দেশ্য এবং
3. অন্যান্য উদ্দেশ্য

নিচে ছকের মাধ্যমে ব্যবসায়িক বা কারবার যোগাযোগের উদ্দেশ্যসমূহ তুলে ধরা হলো :




চিত্র–১.৩ :

# যোগাযোগ প্রক্রিয়া বা পদ্ধতির অপরিহার্য উপাদান সমূহ ঃ

প্রাথমিক দৃষ্টিতে যোগাযোগ প্রক্রিয়ায় প্রধানত তিনটি উপাদান পরিলক্ষিত হয়। যথা :

1. যোগাযোগ বা বার্তাপ্রেরক
2. সংবাদ বা তথ্য এবং
3. যোগাযোগ গ্রহীতা বা বার্তাপ্রাপকি

এ তিনটি উপাদান ছাড়াও আধুনিক যোগাযোগ প্রক্রিয়ায় আরো কতকগুলো উপাদান জড়িত থাকে যার কোনো একটি অনুপস্থিতিতে যোগাযোগ কার্য অসম্পূর্ণ থেকে যায়। এগুলোকে প্রক্রিয়ার মৌলিক ধাপ বা পদক্ষেপ বলা হয়। কেননা এ উপাদান সমন্বয়েই যোগাযোগ প্রক্রিয়া সম্পন্ন হয়।

নিম্ন চিত্রের মাধ্যমে যোগাযোগ প্রক্রিয়ার উল্লিখিত উপাদানগুলো দেখানো হলো ঃ




চিত্র—১.৪ : যোগাযোগ প্রক্রিয়া

# ধন্যবাদ